অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/17/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল পশ্চিমের স্টেটগুলিতে দাবানল দমনে সহায়তা করতে নিউ ইয়র্ক স্টেটের অগ্নিনির্বাপক ক্রু মোতায়েন করেছেন

DEC Welcomes Home Crew from Greenwood Fire in Minnesota - Photos of This Crew Are Available Here

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC) এর নেতৃত্বে 20 জন সদস্যের দাবানল দমন অগ্নিনির্বাপক ক্রু ক্যালিফোর্নিয়ায় যাচ্ছে যেখানে তারা পশ্চিমের স্টেটগুলিতে অগ্নিনির্বাপণ প্রচেষ্টার জন্য দুই সপ্তাহের জন্য মোতায়েন হওয়ার পূর্বে তাদের অ্যাসাইনমেন্ট লাভের আগ পর্যন্ত অবস্থান করবে।

গভর্নর হোচুল মিনেসোটার গ্রিনউড ফায়ারে কর্মরত অগ্নিনির্বাপণ কর্মীর 20 জন সদস্যের হোম ক্রুকে স্বাগত জানিয়েছেন যারা দুই সপ্তাহের অ্যাসাইনমেন্ট শেষ করে ফিরে আসলো। এই মাসের শুরুতে, DEC এর ফরেস্ট রেঞ্জার রবি মেকাস ক্যালিফোর্নিয়ার ডিক্সির অগ্নিনির্বাপণে কাজ করে ফিরে আসেন, এবং আগস্টে ফরেস্ট রেঞ্জার মাইকেল বার্কহোল্ডার মন্ট্যানার অল্ডার ক্রিক এবং ট্রেইল ক্রিকের আগুনের সাথে লড়াই করে ফিরে আসেন। জুলাই মাসে রেঞ্জার টিমোথি কারপেন্টার অরেগনের বুটলেগ ফায়ারে মতায়েনের পর বাড়ি ফিরে আসেন।

"দেশজুড়ে, আমরা ভয়াবহ দাবানলের রূপে পরিবর্তনশীল জলবায়ুর বিধ্বংসী রূপ দেখতে পাচ্ছি, এবং আমি DEC এর দাবানল দমকলকর্মীদের এই বিশেষজ্ঞ দলকে স্বাগত জানাতে পেরে গর্বিত, যারা মিনেসোটার গ্রিনউড ফায়ার দমন করতে নিরলসভাবে কাজ করেছে," **গভর্নর হোচুল বলেন।** আমি কৃতজ্ঞ - কিন্তু আমি বিস্মিত নই - যে নিউ ইয়র্ক এত এত নিবেদিত প্রাণ ব্যক্তিদের আবাস যারা দুর্যোগের সময় সাড়া দিতে প্রস্তুত এবং ক্যালিফোর্নিয়াগামী ক্রুয়ের নিরাপদ প্রত্যাবর্তনের জন্য আমি প্রার্থনা করি, যারা অন্য সম্প্রদায়কে ক্ষয়ক্ষতি থেকে রক্ষা করতে যাচ্ছেন।"

DEC কমিশনার বেসিল সেগোস বলেন, "অ্যাসাইনমেন্ট যত বিপজ্জনকই হোক না কেন, DEC এর বিখ্যাত দাবানলকর্মীরা প্রয়োজনের সময়ে সাহায্য করতে প্রস্তুত, দাবানল দমনের সামনের সারিতে কাজ করে হোক অথবা ইনসিডেন্ট কমান্ডে ঘটনার প্রেক্ষাপটে কাজ করে হোক। আমি তাদের সেবার জন্য তাদেরকে ধন্যবাদ জানাই, বিশেষ করে এই বছরের ব্যস্ত অগ্নি নির্বাপণ মৌসুমে যা জলবায়ু পরিবর্তনের কারণে আরও ভয়াবহ হয়েছে।"

আমি তাদের সেবার জন্য তাদেরকে ধন্যবাদ জানাই, বিশেষ করে এই বছরের ব্যস্ত অগ্নি নির্বাপণ মৌসুমে যা জলবায়ু পরিবর্তনের কারণে আরও ভয়াবহ হয়েছে।" আজ পর্যন্ত, দাবানলটিতে 27,000একর পুড়ে গিয়েছে এবং বর্তমানে প্রায় 75 ভাগ নিয়ন্ত্রণে এসেছে। ফিরে আসা ক্রুয়ের মধ্যে রয়েছে DEC এর ফরেস্ট রেঞ্জাররা, DEC-র বন সুরক্ষা, ভূমি ও বন, মাছ এবং বন্যপ্রাণী, অপারেশনস, এবং পরিবেশগত প্রতিকার (Lands and Forests, Operations, and Remediation) এবং DEC এর বাইরের অভিজ্ঞ অগ্নিনির্বাপণ স্বেচ্ছাসেবকগণঃ

কেভিন স্লেড, ফরেস্ট রেঞ্জার, ক্রু বস, আলস্টার কাউন্টি
নেথান শে, ফরেস্ট রেঞ্জার, ক্রু বস ট্রেনি, সেন্ট লরেন্স কাউন্টি
এভান ডনেগান, ফরেস্ট রেঞ্জার, স্কোয়াড বস, ওয়ারেন কাউন্টি
স্টিভ জ্যাকসন, ফরেস্ট রেঞ্জার, স্কোয়াড বস, রেনসেলার কাউন্টি
গ্যারি মিলার, ফরেস্ট রেঞ্জার, স্কোয়াড বস, হ্যামিলটন কাউন্টি
টাইলার ব্রিগস, দমকল কর্মী, অ্যালবানি কাউন্টি
জেমস কানেভারি , DEC-র বন এবং ভূমি বিভাগ, সেন্ট লরেন্স কাউন্টি
জশ চোকেট, DEC মৎস্য এবং বন্যপ্রাণী বিভাগ, ডেলাওয়্যার কাউন্টি
ল্যারি ডে, দমকল কর্মী, স্টিউবেন কাউন্টি
শে ফকনার, DEC এর অপারেশন্স বিভাগ, অ্যালেগেনি কাউন্টি
রবার্ট ম্যাকেঞ্জি, DEC-র বন এবং ভূমি বিভাগ, ডাচেস কাউন্টি
লরেন মার্টিন, দমকল কর্মী, অরেঞ্জ কাউন্টি
রবার্ট ম্যাকফিয়ারসন, দমকল কর্মী, অনন্ডাগা কাউন্টি
কাইল অলসন, DEC মৎস্য এবং বন্যপ্রাণী বিভাগ, টম্পকিন্স কাউন্টি
ক্রিশ্চিয়ান পিটারসন, দমকল কর্মী, স্কোহারি কাউন্টি
ট্রাভিস পেটিট, DEC-র বন এবং ভূমি বিভাগ, অস্টেগো কাউন্টি
ক্রেইগ সেন্টার, দমকল কর্মী, কায়ুগা কাউন্টি
ক্যাসান্ড্রা স্ট্যানফিল্ড, দমকল কর্মী, অনন্ডাগা কাউন্টি
ড্যানিয়েল ওয়েন, DEC এর পরিবেশগত প্রতিকার বিভাগ, সারাটোগা কাউন্টি
টিমোথি ইয়েটস, DEC মৎস্য এবং বন্যপ্রাণী বিভাগ, অনন্ডাগা কাউন্টি

নিউ ইয়র্ক স্টেটের অগ্নিনির্বাপণ কর্মীদের সর্বশেষ ক্রুটি ক্যালিফরনিয়ার মোরেনো ভ্যালিতে যাচ্ছে যেখানে তারা মোতায়েনের পূর্বে অবস্থান করবে। DEC-র বন সুরক্ষা, ভূমি ও বন, মাছ এবং বন্যপ্রাণী, অপারেশনস, উপকরণ ব্যবস্থাপনা, এবং পরিবেশগত প্রতিকার কর্মী সহ অন্যান্য অভিজ্ঞ অগ্নিনির্বাপণ কর্মী দিয়ে এই কর্মীর দল গঠিত।

নিউ ইয়র্কের কর্মীদের জন্য সমস্ত পার্সোনেল এবং ভ্রমণের খরচ হয় সরাসরি মার্কিন বন পরিষেবার (U.S. Forest Service) দ্বারা প্রদান করা হয় অথবা রাজ্য এবং ফেডারেল ভূমি সংস্থাগুলির মধ্যে পারস্পরিক সহায়তার চুক্তির ভিত্তিতে নিউ ইয়র্ক রাজ্যকে ফেরত দেওয়া হয়।

পশ্চিমের রাজ্যগুলিতে দাবানল শুধু পশ্চিম আমেরিকার জন্যই বিধ্বংসী নয়, তারা নিউ ইয়র্কের বায়ুর গুণমানকেও প্রভাবিত করছে। 20 জুলাই, কানাডা এবং পশ্চিম মার্কিন যুক্তরাষ্ট্রে

আগুনের কারণে সৃষ্ট সূক্ষ্ম কণিকার কারণে সম্পূর্ণ নিউ ইয়র্ক রাজ্য একটি বায়ুর গুণমানের স্বাস্থ্য উপদেষ্টার অধীনে ছিল। বায়ুর গুণমানের স্বাস্থ্য উপদেষ্টা জারি করা হয় যখন DEC আবহাওয়াবিদরা আশা করেন যে দূষণের মাত্রা, হয় ওজোন বা সূক্ষ্ম কণা, একটি 100 মনের বায়ু গুণমান সূচক (AQI) ছাড়িয়ে যাবে। সূক্ষ্ম কণার সংস্পর্শ স্বল্পমেয়াদী স্বাস্থ্যের প্রভাব সৃষ্টি করতে পারে যেমন চোখ, নাক এবং গলায় জ্বালা, কাশি, হাঁচি, নাক দিয়ে পানি পড়া এবং শ্বাসকষ্ট। সূক্ষ্ম কণার উচ্চ মাত্রায় সংস্পর্শ হাঁপানি এবং হৃদরোগের মতো চিকিৎসাগত সমস্যাকে আরও খারাপ করতে পারে। নিউ ইয়র্ক রাজ্য যখনই পরিস্থিতি তা আবশ্যক করবে জনস্বাস্থ্য রক্ষায় সহায়তার জন্য অ্যাডভাইজরি জারি করবে।

1979 সালে, নিউ ইয়র্ক প্রথম অগ্নিনির্বাপক কর্মীদের পাঠিয়েছিল পশ্চিম রাজ্যগুলিকে বড় দাবানলের সাথে লড়াইয়ে সাহায্য করতে। প্রতি বছর গড়ে দাবানলে সাহায্য করার জন্য প্রয়োজন মত একটি বা দুটি কর্মীদল প্রেরণ করা হয়েছে। দাবানল নিয়ন্ত্রণ করতে এবং ক্ষয়ক্ষতি কমাতে সাহায্য করার পাশাপাশি, এই কর্মীরা মূল্যবান অভিজ্ঞতা অর্জন করে যা দাবানলের সাথে লড়াই করতে এবং নিউ ইয়র্কের সমস্ত ঝুঁকিপূর্ণ ঘটনাগুলির ব্যবস্থাপনা করতে কাজে লাগানো যেতে পারে।

###

অতিরিক্ত সংবাদ পাওয়া যায় www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন